গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পারসোনেল-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

নং-৫৯.০০.০০০০.১০৯.১১.০৪৭.২১-৫৬৪

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩৩ / ২১ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি), ফৌজদারহাট, চট্টগ্রাম-এর ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্র: স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৯.১৪.০০০০.০০০.১০২.১১.০০০২.২৫-১১৮৬, তারিখ: ০২.০৮.২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯.১০.২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০.২৪৯ সংখ্যক পরিপত্র এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৯/০৩/২০০৯ তারিখের স্বাপকম/প্রশা-১/এডি/পদ(কমিটি)-৪/২০০৫/৩৫২ সংখ্যক স্মারকের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি), ফৌজদারহাট, চট্টগ্রাম এর জন্য ৩য় ও ৪র্থ শ্রেণির নিম্নবর্ণিত সরাসরি নিয়োগযোগ্য ০৫ (পাঁচ)টি শূন্য পদে (বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে) জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানপূর্বক বর্ণিত নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রমিক নং	পদের নাম	ছাড়কৃত পদের সংখ্যা	অনুসরণীয় নিয়োগবিধি
০১.	উচ্চমান সহকারী	০১	"মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী
০২.	হিসাব রক্ষক	০১	বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮ অনুয়ায়ী
০৩.	স্টোর কিপার	০১	বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮" অনুয়ায়ী
০৪.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১	"মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী
০৫.	অফিস সহায়ক	০১	"মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুযায়ী
	সর্বমোট=	**০৫ (পাঁচ)টি**	

শর্তাবলী:

০১. সকল আনুষ্ঠানিকতা পালনসহ অনুমোদিত নিয়োগ বিধিমালা ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

০২. অস্থায়ী পদসমূহ হালনাগাদ সংরক্ষণকৃত পদ হতে হবে;

০৩. কেবল মৃত্যুজনিত, অবসরজনিত, পদোন্নতিজনিত কারণে অর্থাৎ বিধি সম্মত ভাবে পদ শূন্য হলে উক্ত শূন্য পদে জনবল নিয়োগ করা যাবে। আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;

০৪. "বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮", এবং "মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" এর তফসিলে অন্তর্ভুক্ত নেই, এমন কোন শূন্য পদে সরাসরি নিয়োগ প্রদান করা যাবে না;

০৫. সরাসরি নিয়োগযোগ্য সকল শূন্য পদ সংশ্লিষ্ট সংস্থার অর্গানোগ্রামভুক্ত হতে হবে;

০৬. প্রাপ্ত প্রস্তাবে মঞ্জুরিকৃত ও শূন্য পদের সংখ্যায় কোনো গরমিল থাকার কারণে কোনো পদে অতিরিক্ত জনবল নিয়োগ দেয়া হলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে। ছাড়পত্রের আদেশ প্রাপ্তির পর জারিকৃত ছাড়পত্রের সত্যতা সম্পর্কে আবশ্যিকভাবে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের পারসোনেল-১ শাখায় যোগাযোগ করে সম্পূর্ণ নিশ্চিত হয়ে পদ পূরণ করতে হবে; ছাড়পত্রের সত্যতা নিশ্চিত না হয়ে পদ পূরণ করার ফলে কোনো জটিলতা সৃষ্টি হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৭. বর্তমানে ছাড়কৃত ০৫ (পাঁচ)টি পদের মধ্যে যদি পূর্বে ছাড়কৃত কোন পদ অন্তর্ভুক্ত থাকে, উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোনো নিষেধাজ্ঞা থাকে, কোনো রিট/মামলা বিচারাধীন থাকে, কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে মাননীয় আদালতের নির্দেশনা যথাযথাভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;

০৮. জনবল নিয়োগের ১৫ কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে এবং

০৯. বর্ণিত পদসমূহে নিয়োগের ছাড়পত্র প্রদানের প্রশাসনিক অনুমোদনের মেয়াদ আগামী ২০.০৯.২০২৭ খ্রি. পর্যন্ত বহাল থাকবে।

স্বাঃ

দূর-রে-শাহ্ওয়াজ
উপসচিব
ফোনঃ ৫৫১০০৭৯৫
email-per1@mefwd.gov.bd

অধ্যক্ষ
ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচটি), ফৌজদারহাট, চট্টগ্রাম

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৭. যুগ্মসচিব (পারসোনেল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৮. অফিস কপি

২১/৯/২৬

দূর-রে-শাহ্ওয়াজ
উপসচিব